গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬১/২০১৯-২০২০
ঢাকা ৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ২০২০, ২৩ মাঘ ১৪২৬

## আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোমে শেখ হাসিনা-কৌতে বৈঠক : রোহিঙ্গাদের সহায়তায় ১০ লাখ ইউরো দেবে ইতালি
২। রোমে চ্যান্সেরি ভবন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশকে আর কেউ পেছনে টেনে নিতে পারবে না : রোমে আওয়ামী লীগের সংবর্ধনায় প্রধানমন্ত্রী
৪। চতুর্থ শিল্পবিপ্লবের এ যুগে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বিকল্প নেই : পবিপ্রবির সমাবর্তনে রাষ্ট্রপতি
৫। স্বশাসিত সংস্থাসমূহের উদ্বৃত্ত অর্থ যাবে সরকারি কোষাগারে : সংসদে বিল পাস
৬। অপরাধীর কোনো দল-পরিচয় নেই : সংসদে প্রশ্নের লিখিত জবাবে প্রধানমন্ত্রী
৭। গত বছর ৩৩ হাজার গার্মেন্ট শ্রমিক চাকরি হারিয়েছেন : সংসদে বাণিজ্যমন্ত্রী
৮। টেকসই উন্নয়নের স্বার্থে তৃণমূল নারীদের ক্ষমতায়ন নিশ্চিত করার আহ্বান স্পিকারের
৯। ঢাকা-মাওয়া ছয় লেন এক্সপেসওয়ে উদ্বোধন মার্চে : সেতুমন্ত্রী
১০। করোনাভাইরাস ৩ মাস স্থায়ী হলে পদ্মাসেতুর কাজে সমস্যা হতে পারে : সেতুমন্ত্রী
১১। মাদক নির্মূলে শুদ্ধি অভিযান চলবে : চট্টগ্রামে স্বরাষ্ট্রমন্ত্রী
১২। ঢাকা সিটি করপোরেশনের নির্বাচন নিয়ে গৎবাঁধা অভিযোগ
ছেড়ে বাস্তবতা মেনে নিন : বিএনপি নেতৃবৃন্দকে তথ্যমন্ত্রী
১৩। বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হচ্ছে : বিটিভিতে নতুন দুটি স্টুডিও'র উদ্বোধন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
১৪। ভারত-বাংলাদেশের বস্ত্র খাত একসঙ্গে এগিয়ে যাবে : আইবিটিআইএফের সভায় পাটমন্ত্রী
১৫। বঙ্গবন্ধু রেলসেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন ১৪ মার্চ : সংবাদসম্মেলনে রেলমন্ত্রী
১৬। বাংলাদেশিদের জন্য ফের শ্রমবাজার খুলে দিল কাতার
১৭। ডেইরি খাতের উন্নয়নে সাড়ে ৪ হাজার কোটি টাকার প্রকল্প : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী
১৮। কর্মকর্তারা দায়িত্ব পালনে অনিয়ম করলে কঠোর শাস্তি : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৯। মুজিববর্ষ উপলক্ষে ১৭ মার্চ সব প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে
২০। একুশে পদক প্রদান করা হচ্ছে ২০ ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে : প্রধানমন্ত্রী পদক প্রদান করবেন ২০ ফেব্রুয়ারি
২১। রোহিঙ্গা প্রত্যাবাসনে ত্রিপক্ষীয় আলোচনা হয়েছে :
কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে ত্রাণ প্রতিমন্ত্রী
২২। আইসিজের রায় নিয়ে নিরাপত্তা পরিষদে মিয়ানমারের বিরুদ্ধে প্রস্তাব ঠেকাল চীন

**১। রোমে শেখ হাসিনা-কোঁতে বৈঠক : রোহিঙ্গাদের সহায়তায় ১০ লাখ ইউরো দেবে ইতালি**

ঢাকা ও রোম বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার করতে সম্মত হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) রোমে ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপক্ষীয় বৈঠকে এ ঐকমত্য হয়। বৈঠকে ইতালি রোহিঙ্গাদের সহায়তায় বর্তমান সহযোগিতার অতিরিক্ত আরো ১০ লাখ ইউরো দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। ইতালির প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন পালাজ্জো চিগিতে উভয় প্রধানমন্ত্রী দুই দেশের পারস্পরিক স্বার্থে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন এবং দুই দেশের মধ্যকার বর্তমান আর্থ-সামাজিক অবস্থানে সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। রোমে চ্যান্সেরি ভবন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) ইতালির রোমে বাংলাদেশ দূতাবাসের নতুন চ্যান্সেরি ভবন উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী গতকাল আনুষ্ঠানিকভাবে ইতালির রাজধানীর ভিয়া ডেল অ্যান্ট্রাটাইড এলাকায় ফলক উন্মোচনের মাধ্যমে ২৩ দশমিক ৯ কাঠা জমির ওপর নির্মিত পাঁচতলা চ্যান্সেরি ভবনটির উদ্বোধন করেন। এ সময় দেশ ও জাতির অব্যাহত শান্তি, সমৃদ্ধি ও উন্নয়ন কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৩। বাংলাদেশকে আর কেউ পেছনে টেনে নিতে পারবে না : রোমে আওয়ামী লীগের সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ যেকোনো দেশের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে সামনে এগিয়ে যাওয়ার সক্ষমতা অর্জন করেছে। এখন আমাদের আর কেউই পেছনে টেনে নিতে পারবে না। তিনি বলেন, আমরা আমাদের উন্নয়ন প্রকল্পের শতকরা ৯০ ভাগ নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করছি। এখন দাতারা আমাদের তাদের উন্নয়ন সহযোগী অভিহিত করে সহযোগিতা দিতে আসে। গত ৪ ফেব্রুয়ারি মঙ্গলবার রাতে রোমের পার্ক দ্য প্রিনসিপি গ্রান্ড হোটেল অ্যান্ড স্পা' তে আওয়ামী লীগের ইতালি শাখা আয়োজিত এক সংবর্ধনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। চতুর্থ শিল্পবিপ্লবের এ যুগে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার বিকল্প নেই : পবিপ্রবির সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বিশ্ববিদ্যালয় কেবল শিক্ষার্থীদের পাঠদান করে না, তাদের চিন্তার প্রসারতা বাড়ায়। গবেষণার মাধ্যমে সৃষ্ট নতুন জ্ঞান যুগের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ অবদান রাখে। একবিংশ শতাব্দী তথ্যপ্রযুক্তির যুগ। চতুর্থ শিল্পবিপ্লবের এ যুগে বিশ্ব প্রতিযোগিতায় টিকে থাকতে হলে বিজ্ঞান ও প্রযুক্তিশিক্ষার বিকল্প নেই। আমি মনে করি, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চতুর্থ শিল্পবিল্পবের গুরুত্ব উপলব্ধি করে কারিকুলাম যুগোপযোগী করে সাজাবে। আমাদের শিক্ষার্থীদের গড়ে তুলবে বিশ্ব নাগরিক হিসেবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৫। স্বশাসিত সংস্থাসমূহের উদ্বৃত্ত অর্থ যাবে সরকারি কোষাগারে : সংসদে বিল পাস**

সরকারের উন্নয়ন প্রকল্পের ব্যয় মেটাতে গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে 'স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন ফাইন্যান্সিয়াল করপোরেশনসহ স্বশাসিত সংস্থাসমূহের উদ্বৃত্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান আইন-২০২০' শীর্ষক একটি বিল পাস হয়। জাতীয় সংসদে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**৬। অপরাধীর কোনো দল-পরিচয় নেই : সংসদে প্রশ্নের লিখিত জবাবে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অপরাধীর কোনো দল নেই, তার পরিচয় কেবলই অপরাধী। সে যত শক্তিশালীই হোক না কেন, তার বিচার হবেই। প্রকৃত আসামিরা যাতে সাজা পায় এবং নিরপরাধ ব্যক্তি হয়রানির শিকার না হয়, সে বিষয়ে বর্তমান সরকার সজাগ রয়েছে। যথাযথ তদন্তের মাধ্যমে অপরাধী চিহ্নিত করে দ্রুত বিচার সম্পন্ন করার লক্ষ্যে আমরা বিচার বিভাগে নানামুখী সংস্কার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছি। দেশের বিচার বিভাগ স্বাধীনভাবে এবং প্রভাবমুক্ত থেকে বিচারকার্য পরিচালনা করছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে লিখিত জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বর্তমানে সরকারি সফরে ইতালিতে অবস্থান করায় তাঁর প্রশ্নোত্তরপর্বটি টেবিলে উত্থাপন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

**৭। গত বছর ৩৩ হাজার গার্মেন্ট শ্রমিক চাকরি হারিয়েছেন : সংসদে বাণিজ্যমন্ত্রী**

দেশের তৈরিপোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) আওতাধীন ৬৩টি কারখানা গত বছর বন্ধ হয়ে গেছে। এ সময়ে ৩২ হাজার ৫৮২ শ্রমিক চাকরি হারিয়েছেন। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) সংসদে প্রশ্নোত্তরে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) আওতাধীন কোনো কারখানা আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়নি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**৮। টেকসই উন্নয়নের স্বার্থে তৃণমূল নারীদের ক্ষমতায়ন নিশ্চিত করার আহ্বান স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী টেকসই উন্নয়নের স্বার্থে তৃণমূল নারীদের ক্ষমতায়ন নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে হলে সমাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধা তৃণমূল নারীদের কাছে যথাযথভাবে পৌঁছাতে হবে। আর সেজন্য সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাগুলোও কাজ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদ ভবনে আন্তর্জাতিক দাতা সংস্থা কেএনএইচ জার্মানী'র প্রতিনিধিদলের সঙ্গে বৈঠককালে এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫)।

**৯। ঢাকা-মাওয়া ছয় লেন এক্সপেসওয়ে উদ্বোধন মার্চে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মার্চে উদ্বোধন হতে যাচ্ছে দেশের প্রথম ছয় লেন বিশিষ্ট এক্সপ্রেসওয়ে ঢাকা-মাওয়া মহাসড়ক। এক্সপ্রেসওয়ে একেবারে ফরিদপুরের ভাঙ্গা পর্যন্ত। এছাড়া, ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক চার লেন উন্নয়নের কাজ জুনের মধ্যে শেষ হবে। যেসব ঠিকাদার সময়মতো সড়ক নির্মাণ ও মেরামত কাজ শেষ করবে না কিংবা কাজ ধীরে করবেন তাদের কার্যাদেশ বাতিল করা হবে। প্রয়োজনে তাদের কালো তালিকাভুক্ত করা হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে দপ্তর প্রধান ও প্রকল্প পরিচালকদের সঙ্গে চলমান উন্নয়ন প্রকল্পসমূহের পর্যালোচনা ও নাগরিক সেবা প্রদান বিষয়ক সভাশেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.৪)।

**১০। করোনাভাইরাস ৩ মাস স্থায়ী হলে পদ্মাসেতুর কাজে সমস্যা হতে পারে : সেতুমন্ত্রী**

চীনের উহান থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের সংক্রমণ দীর্ঘস্থায়ী হলে পদ্মাসেতুর কাজে সমস্যা হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, করোনাভাইরাস পরিস্থিতি আগামী দুই মাসের মধ্যে স্থিতিশীল হলে পদ্মাসেতুর কাজে কোনো সমস্যা হবে না, তবে আরো তিন-চার মাস স্থায়ী হলে সমস্যা হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে সব প্রকল্প ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব বলেন। সূত্র : **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**১১। মাদক নির্মূলে শুদ্ধি অভিযান চলবে : চট্টগ্রামে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদক নির্মূলে চলমান শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে। যতক্ষণ টার্গেটে যেতে না পারি ততক্ষণ অভিযান চলবে। ২০১৫ সালে তেলের নামে চট্টগ্রাম বন্দরে আনা দুটি ড্রামে ৩৭০ লিটার কোকেন চালান ধরা পড়ার বিষয়ে তিনি বলেন, কোকেনের দেশ ও আন্তর্জাতিক চক্রকে শনাক্ত করা হয়েছে। অভিযুক্তদের বিচারের আওতায় আনা হয়েছে। যারা পলাতক, তাদের গ্রেফতারে ইন্টারপোলের সাহায্য নেওয়া হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) চট্টগ্রামের পতেঙ্গায় র‍্যাব-৭ সদরদপ্তর সংলগ্ন এলিট হলে মাদক ধ্বংস ও মাদকবিরোধী প্রচারণা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**১২। ঢাকা সিটি করপোরেশনের নির্বাচন নিয়ে গৎবাঁধা অভিযোগ ছেড়ে বাস্তবতা মেনে নিন : বিএনপি নেতৃবৃন্দকে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বিএনপিকে উদ্দেশ করে বলেছেন, ঢাকা সিটি করপোরেশনের নির্বাচন নিয়ে গৎবাঁধা অভিযোগ করা বাদ দিয়ে বাস্তবতা মেনে নিন। তিনি বলেন, শুধু বিএনপির মির্জা ফখরুল ইসলাম আলমগীর নন, জাতীয় ঐক্যফ্রন্টের নেতা ড. কামাল হোসেনও নির্বাচন নিয়ে নানা কথা বলেছেন। বাংলাদেশে কোনো বিষয় নিয়ে মাওলানারা যেভাবে ফতোয়া দিয়ে থাকেন, একইভাবে ঐক্যফ্রন্টের নেতারা ফতোয়া দেওয়া শুরু করেছেন, যা আদৌ যথার্থ নয়। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় প্রেসক্লাবে বেসরকারি সংস্থা ট্রমা লিংকের পঞ্চম বর্ষপূর্তি অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৩। বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হচ্ছে : বিটিভিতে নতুন দুটি স্টুডিও'র উদ্বোধন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হচ্ছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ বদলে দিচ্ছেন। তিনি দিনরাত পরিশ্রম করে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাচ্ছেন। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) বাংলাদেশ টেলিভিশন ভবনে নতুন দুটি স্টুডিও'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ ( শেষ পৃ.ক.৬)।

**১৪। ভারত-বাংলাদেশের বস্ত্র খাত একসঙ্গে এগিয়ে যাবে : আইবিটিআইএফের সভায় পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বাংলাদেশ ও ভারতের বস্ত্র খাত একসঙ্গে এগিয়ে যাবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর লেকশোর হোটেলে 'ইন্ডিয়া-বাংলাদেশ টেক্সটাইল ইন্ডাস্ট্রি ফোরাম (আইবিটিআইএফ)'-এর এক সভায় তিনি এ কথা বলেন। তিনি বলেন, দুই দেশের বস্ত্র খাতের ব্যবসা-বাণিজ্যে যেসব প্রতিবন্ধকতা রয়েছে, আলোচনার মাধ্যমে তা দূর করা হবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**১৫।　বঙ্গবন্ধু রেলসেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন ১৪ মার্চ : সংবাদসম্মেলনে রেলমন্ত্রী**

আগামী ১৪ মার্চ বঙ্গবন্ধু রেলসেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) রেল ভবনে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন। বাংলাদেশ-ভারতের মধ্যে চলাচলরত দুটি ট্রেনের যাত্রীসেবা বৃদ্ধি উপলক্ষে এ সংবাদসম্মেলনের আয়োজন করা হয়। সংবাদসম্মেলনে রেলমন্ত্রী বলেন, পশ্চিমাঞ্চল রেলওয়েতে নিয়মিতই শিডিউল বিপর্যয় হচ্ছে। এর একটা বড় কারণ বিদ্যমান বঙ্গবন্ধু সেতুর ওপর দিয়ে এক লাইনে ধীরগতিতে ট্রেন চলাচল। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বঙ্গবন্ধু সেতুর সমান্তরালে একটি রেলসেতু নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। তিনি আরো জানান, ঢাকা থেকে কলকাতার মধ্যে চলাচলকারী মৈত্রী এক্সপ্রেস বর্তমানে সপ্তাহে চারদিন চলছে। ১১ ফেব্রুয়ারি থেকে ট্রেনটি সপ্তাহে পাঁচদিন চলবে। প্রতি মঙ্গলবার ঢাকা-কলকাতা ও প্রতি বুধবার কলকাতা-ঢাকার মধ্যে রাউন্ড ট্রিপ দেবে ট্রেনটি। অর্থাৎ প্রতি সোম ও বৃহস্পতিবার বাদে প্রতিদিনই মৈত্রী এক্সপ্রেস চলাচল করবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**১৬।　বাংলাদেশিদের জন্য ফের শ্রমবাজার খুলে দিল কাতার**

বেশ কয়েক মাস বন্ধ রাখার পর বাংলাদেশি শ্রমিকদের জন্য ফের শ্রমবাজার খুলে দিয়েছে কাতার। সম্প্রতি দেশটির রাজধানী দোহায় অনুষ্ঠিত এক যৌথ কারিগরি কমিটির বৈঠকে নেয়া এ সংক্রান্ত সিদ্ধান্ত গতকাল থেকে কার্যকর হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) বিষয়টি নিশ্চিত করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ। তিনি বলেন, গতকাল থেকেই শ্রমবাজারটিতে কর্মী পাঠাতে আর বাধা নেই। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**১৭।　ডেইরি খাতের উন্নয়নে সাড়ে ৪ হাজার কোটি টাকার প্রকল্প : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু বলেছেন, দেশের প্রাণিসম্পদ ও ডেইরি খাতের উন্নয়নে সাড়ে চার হাজার কোটি টাকার প্রকল্প নেয়া হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর ব্র্যাক সেন্টারে অক্সফ্যাম ও বাংলাদেশ ডেইরি ডেভেলপমেন্ট ফোরাম (বিডিডিএফ) আয়োজিত 'প্রান্তিক দুগ্ধ খামারিদের বিকাশে সরকারি- বেসরকারি নীতিমালা ও সেবা: সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( পৃ.৪,ক.ক.৬)।

**১৮।　কর্মকর্তারা দায়িত্ব পালনে অনিয়ম করলে কঠোর শাস্তি : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

সরকারি কর্মকর্তারা যদি জনপ্রশাসনে দায়িত্ব পালনে অবহেলা, অনিয়ম ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন অথবা জনগণকে সেবা দেওয়ার বিষয়ে কার্পণ্য করেন তাহলে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) সাভারে বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) সপ্তম জনপ্রশাসন ও উন্নয়নবিষয়ক চার দিনব্যাপী আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**১৯।　মুজিববর্ষ উপলক্ষে ১৭ মার্চ সব প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আগামী ১৭ মার্চ দেশের সব সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠানসহ বিদেশে বাংলাদেশ মিশনগুলোতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

**২০।　একুশে পদক প্রদান করা হচ্ছে ২০ ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে : প্রধানমন্ত্রী পদক প্রদান করবেন ২০ ফেব্রুয়ারি**

বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে চলতি বছর (২০২০) একুশে পদক পাচ্ছেন ২০ বিশিষ্টব্যক্তি। সে সঙ্গে বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউটও পাচ্ছে একুশে পদক। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় সংবাদ বিজ্ঞপ্তিতে এবারের পুরস্কারের জন্য মনোনীতদের নাম প্রকাশ করে। আগামী ২০ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে একুশে পদক তুলে দেবেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**২১।　রোহিঙ্গা প্রত্যাবাসনে ত্রিপক্ষীয় আলোচনা হয়েছে :**
**কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে ত্রাণ প্রতিমন্ত্রী**

রোহিঙ্গা প্রত্যাবাসনে জাতিসংঘের সঙ্গে চীন, মিয়ানমার ও বাংলাদেশ ত্রিপক্ষীয় আলোচনা হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান। তিনি বলেন, আন্তর্জাতিক মহলকে সঙ্গে নিয়ে তাদের নাগরিক অধিকার, শিক্ষা, চিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিত করে প্রত্যাবাসনের প্রক্রিয়া নেয়া হচ্ছে। গতকাল (৫ ফেব্রুয়ারি বুধবার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে তিনি একথা বলেন। সূত্র- **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**২২। আইসিজের রায় নিয়ে নিরাপত্তা পরিষদে মিয়ানমারের বিরুদ্ধে প্রস্তাব ঠেকাল চীন**

মিয়ানমারের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) রায় নিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে আলোচনা হয়েছে। এতে রোহিঙ্গা মুসলমানদের ওপর গণহত্যা বন্ধে মিয়ানমারকে নির্দেশ দেওয়ার একটি প্রস্তাব তোলা হলেও তা পাস হয়নি। জাতিসংঘের নিরাপত্তা পরিষদে চীন ও আসিয়ানের সদস্য ভিয়েতনাম প্রস্তাবটিতে আপত্তি জানায়। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার এক প্রতিবেদেনে বলা হয়েছে, বিশ্বের উন্নত ও উন্নয়নশীল দেশগুলোতে প্রতিবছর যে পরিমাণ খাবার নষ্ট হয় তাতে অর্থনৈতিক ক্ষতি হচ্ছে প্রায় ১ লাখ কোটি ডলার উল্লেখ করে বাংলাদেশেও নগরাঞ্চলে খাবার নষ্ট করার পরিবর্তে তা অভাবী মানুষের কাছে পৌঁছে দিতে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

খ. **ভোরের কাগজ** : গত কয়েক বছরে সরকারি পর্যায়ে বিনিয়োগ বাড়লেও ব্যক্তি পর্যায়ে বিনিয়োগের চিত্র হতাশাজনক উল্লেখ করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির বিষয়ে গুরুত্ব বাড়ানোর সুপারিশ।

**গ.** **সমকাল :** দেশের অন্যতম পযটনকেন্দ্র কুয়াকাটায় যাওয়ার মহাসড়কে বরিশাল জেলার আওতাভুক্ত ৭৬ কিলোমিটার অংশজুড়ে অবৈধ স্থাপনার কথা উল্লেখ করে দেশের বিভিন্ন স্থানের সড়ক-মহাসড়কে অবৈধ স্থাপনা উচ্ছেদে নজর দেওয়ার পরামর্শ।

**ঘ.** **যুগান্তর** : বিশ্ব অর্থনীতির পাশাপাশি দেশের অর্থনীতিতেও করোনাভাইরাসের নেতিবাচক প্রভাবে এরই মধ্যে বন্ধ হয়ে গেছে চীনের সঙ্গে বাংলাদেশের আমদানি-রফতানিসহ সব ধরনের বাণিজ্যিক কার্যক্রম উল্লেখ করে এ ধরনের বাণিজ্য ঝুঁকি কাটিয়ে উঠতে বিকল্প উপায় অনুসন্ধানের ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ** : অপরিকল্পিত নগরায়ন ও শিল্পায়নের কারণে দেশে জলাভূমি কমে যাচ্ছে উল্লেখ করে জলাভূমি রক্ষায় সচেতনতা তৈরির পাশপাশি আইনের কঠোর বাস্তবায়নের সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট** : মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতনতা সৃষ্টির আহ্বান।

**ছ.** **বাংলাদেশ টুডে** : রাজধানীর বেশ কিছু সড়কের ভগ্নদশা তুলে ধরে জনদুর্ভোগ লাঘবে দ্রুত এসব সড়ক মেরামত ও সংস্কারের সুপারিশ।

জ. **ডেইলি সান** : যানবাহন চলাচলে ট্রাফিক রুলস যথাযথভাবে প্রয়োগের আহ্বান।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, জাতি ও রাষ্ট্রের উন্নতির সঙ্গে ভাষার উন্নতি কিংবা ভাষার উন্নতির সঙ্গে জাতি ও রাষ্ট্রের উন্নতি অবিচ্ছেদ্য।

## নিবন্ধ ও ফিচারেই

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মাদকমুক্ত তারুণ্যই আগামীর বাংলাদেশ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশ ও দেশের তরুণ সমাজকে রক্ষা করতে মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি অব্যাহত এবং মাদক-সংক্রান্ত মামলায় দীর্ঘসূত্রতা দূর করে দ্রুততার সঙ্গে রায় ঘোষণা করতে পারলেই মাদকের করাল গ্রাস থেকে মুক্তি পাবে বাংলাদেশ।

#

ডালিয়া/সেলিনা/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা